স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদের মেহেরপুর জেলা শাখা কমিটি পুষ্পস্তবক অর্পণ

মহান স্বাধীনতা যুদ্ধের ঐতিহ্যবাহী পটভূমি মেহেরপুর এর মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আজ স্বাদেচিপ এর মেহেরপুর শাখার নব নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক পুষ্পস্তবক অর্পণ ।

স্মার্ট বাংলাদেশ বির্নিমানের রূপকার, সফল রাষ্ট্রনায়ক, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে তার হাতে গড়া সংগঠন, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী ইউনানী ও আয়ুর্বেদিক গ্রাজুয়েট (BAMS ও BUMS) চিকিৎসকদের পেশাজীবী জাতীয় সংগঠন স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদ (স্বাদেচিপ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ কর্তৃক মেহেরপুর জেলার সাংগঠনিক স্বাদেচিপ জেলা শাখা কমিটি ঘোষণা করা হয়েছে।

উক্ত কমিটিতে স্বাদেচিপ মেহেরপুর শাখার সভাপতি ডাঃ শাহিন আলী, মেডিকেল অফিসার (ইউনানী), ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল মেহেরপুর এবং সাধারণ সম্পাদক ডাঃ মোঃ মাকসুদুর রহমান, মেডিকেল অফিসার (আয়ুর্বেদিক), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মুজিবনগর এর নাম ঘোষণা করা হয়েছে।

স্বাদেচিপ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদেরৎ সভাপতি ডাঃ এ. কে. এম মামুন উর রশিদ চৌধুরী ও মহাসচিব ডাঃ খন্দকার ফারুক আহমেদ গতকাল (সোমবার) এক প্রেস রিলিজ এর মাধ্যমে সারা বাংলাদেশে ১৯ জেলায় স্বাদেচিপ এর সাংগঠনিক শাখা কমিটি ঘোষণা করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার ও ঘোষণা_ “দেশজ চিকিৎসা ব্যাবস্থাকে মূল ধারার আনতে হবে”। এই লক্ষ্যে সারা দেশে সরকার মেডিকেল কলেজ, জেলা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গুলোতে ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার নিয়োগ দিয়ে যাচ্ছে। সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ও সরকারের স্মার্ট বাংলাদেশের স্বপ্ন পূরণে প্রচলিত চিকিৎসা ব্যবস্থার পাশাপাশি তারা কাজ করে যাচ্ছে। মেহেরপুর এর

স্বাস্থ্য সুরক্ষায় দেশজ চিকিৎসাকে মানুষের দোর গোড়ায় পৌঁছে দিতে এবং ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসার প্রচার ও প্রসারে সরকারের সাথে কাজ করার ব্যাপারে স্বাদেচিপ মেহেরপুর শাখার নব নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

মেহেরপুরে ৯ম ও ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ

স্মার্ট বাংলাদেশ গঠনে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ৯ম ও ১০ম শ্রেণীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরন করা হয় হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ১১৬ জন মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশনের চেক বিতরণ

বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন হতে প্রদত্ত মাসিক ভাতা ও এককালীন আর্থিক অনুদানের চেক বিতরণের করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এ চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বছির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ১৭ জনের মাঝে ৪ লক্ষ ৮ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে অসচ্ছল সাংস্কৃতিসেবীদের মাঝে চেক বিতরণ

মেহেরপুর জেলার তালিকা ভুক্ত অসচ্ছল সাংস্কৃতিসেবীদের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মোট ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় মেহেরপুর জেলার অসচ্ছল সাংস্কৃতিসেবী ৯ জনের মাঝে ১ লক্ষ ৪৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে ভিক্ষুক পুনর্বাসন

কর্মসূচির আওতায় চেক বিতরণ

মেহেরপুরে ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চেক বিতরণের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বির সঞ্চালনায় এবং জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপ-পরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় ৩০ জন ভিক্ষুকের মাঝে ১৫ লক্ষ ২৪ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

গাংনীতে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে ৫ মাসের সাজাপ্রাপ্তসহ বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (১১ জুলাই)

ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

আসামিদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত সিআর সাজাপ্রাপ্ত ১ জন, সাধারণ সিআর ২ জন ও মাদক মামলার ৩ জন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এই অভিযান চালান।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (১১ জুলাই) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

স্বেচ্ছাসেবক লীগ দেশ ও মানুষের কল্যাণে কাজ করে— জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, স্বেচ্ছাসেবক লীগ দেশের কল্যাণে মানুষের কল্যাণে বিপদ আপদে যে কোনো দুর্যোগে মূহূর্তে মানুষের পাশে দাঁড়াবে। বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে দেশ প্রেমে উদ্ধুদ্ধ হয়ে মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে এই সংগঠনের নেতা কর্মীরা মানুষের পাশে দাঁড়াবে।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মেহেরপুর জেলা শাখার ত্রি—বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর শহীদ শামসুদ্দোজা নগর উদ্যানে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের এই ত্রি—বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান বক্তা ছিলেন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক

তাদের নির্দেশ আমরা কখনোই মানবোনা।

তিনি আরও বলেন, প্রধান মন্ত্রী বলেছেন ২০২৩ সালের নির্বাচন নিরপেক্ষ ও সুষ্ঠ হবে। সারা পৃথিবী থেকে পর্যবেক্ষক আসুক। বাংলাদেশের শান্তি, পবিত্র সংবিধান লংঘন করে কিয়ামত পর্যন্ত তত্বাবধায়ক সরকার চাইলেও তা আর ফিরে আসবেনা। স্বাধীন গণতান্ত্রিক দেশে কিয়ামত পর্যন্ত তত্বাবধায়ক সরকার থাকতে পারেনা। আগামী নির্বাচনেও এদেশের মানুষ শেখ হাসিনাকে ভোট দিয়ে সরকার গঠণ করবে ইনশাআল্লাহ।

তিনি বলেন, আগামী নির্বাচন এবং আন্দোলনের সময় স্বেচ্ছাসেবক নেতা কর্মীদের সজাগ থাকতে হবে। সকল ষড়যন্ত্র মোকাবিলা করে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় বসানো হবে।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম।

এর আগে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া শান্তির প্রতীক কবুতর ওড়ানো হয়।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম আহ্বান করা হলে সভাপতি পদে ৫জন এবং সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থীর নাম জমা দেওয়া হয়।

একজন করে প্রার্থী হওয়ার জন্য সময় দেওয়া হয়। এ সময় সভাপতি এবং সাধারণ সম্পাদক পদে প্রার্থীরা একমত না হওয়াই সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম পরে ঘোষণা করা হবে বলে সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষ করা হয়।

মেহেরপুর আদালত থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে আসামির পলায়ন

মেহেরপুরে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণ থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে সাকিব (২২) নামের এক বিচারাধীন আসামির পালিয়ে যাওয়ার পর তাকে ধরে এনে পুলিশে সোপর্দ করেছে পরিবার। সাকিব মেহেরপুর পৌর এলাকার নতুন পাড়ার আনারুল ইসলামের ছেলে। কোর্ট পুলিশ পরিদর্শক মানষ রঞ্জন দাস এই তথ্য নিশ্চিত করেছে।

৯ জুলাই দিবাগত রাতে জেলা পুলিশের নিয়মিত অভিযানে চুরি ও মাদকের মামলায় বিভিন্ন আসামিকে আটক করা হয়। আটককৃতদের আজ ১০ জুলাই সোমবার মেহেরপুর জেলা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতে উঠানো হলে বিচারক মো: তরিকুল ইসলাম তাদেরকে জেল হাজতে প্রেরণ নির্দেশ দেন। কাঠগড়া থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে নয়জন পুলিশ সদস্যের চোখ ফাকি দিয়ে আসামি সাকিব হ্যান্ডকাফ খুলে পালিয়ে যায়। এ ঘটনায় মেহেরপুর জেলা পুলিশের মধ্যে তোলপাড় শুরু হয়।

পুলিশের পক্ষ থেকে আসামি সাকিবের পরিবারের উপর চাপ প্রয়োগ করা হলে পলায়নের ৬ ঘন্টা পরে রাত সোয়া আটটার সময় আসামি সাকিব কে নিয়ে তার বড় ভাই রাকিব কোর্ট হাজতে উপস্থিত হন। আসামি সাকিবকে কোর্ট পুলিশ পরিদর্শকের কাছে সোপর্দ করে।

মেহেরপুরের পুলিশ সুপার রাফিউল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,’ আসামি পালিয়ে গেছিলো ঘটনাটি সত্য, তবে তাকে পাওয়া গেছে, এখন কাস্টডিতে আছে।

মুজিবনগরে ৫টি প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা

মুজিবনগরে অনুমোদন ও লাইসেন্স বিহীন ভাবে সিলিন্ডার গ্যাস বিক্রির অপরাধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

আজ সোমবার দুপুরে উপজেলার কেদারগঞ্জ বাজারে মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুস সাদাত এই অভিযান পরিচালনা করেন।

এসময় অনুমোদন ও লাইসেন্স না থাকায় বাংলাদেশ পেট্রোলিয়াম আইন ২০১৬ অনুযায়ী পাঁচটি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়।

একই সাথে ব্যবসায়ীদেরকে সতর্ক করা হয় এবং অনতিবিলম্বে অনুমোদন ও লাইসেন্স করার জন্য আহ্বান জানানো হয়।

এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেটকে মুজিবনগর থানা পুলিশ এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সহযোগিতা করেন।

মেহেরপুর পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজারকে বিদায়ী সংবর্ধনা

মেহেরপুর পল্লী বিদ্যুৎ জেনারেল ম্যানেজার মোহাম্মদ আবু রায়হানের বদলি জনিত বিদায় সংবাদর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির আয়োজনে আজ সোমবার বিকাল তিনটায় মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির হলরুমে (ত্রীসকপ) এই বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সভাপতি তুষার আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধণা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সচিব জেনারুল বিশ্বাস, পবিস এর সহ-সভাপতি আব্দুল মান্নান, কোষাধ্যক্ষ ফয়জুল্লাহ, সাবেক পরিচালক আল আমিন হোসেন, ডিজিএম শ্যামল কুমার মল্লিক, ডিজি এম মোঃ আনারুল আলম, পঙ্কজ শিকদার, আয়েশা সিদ্দিকা, প্রমুখ। অনুষ্ঠান শেষে ক্রেস্ট দেওয়া হয়।

উল্লেখ্য, জেনারেল ম্যানেজার আবু রায়হানকে মেহেরপুর থেকে

□□□□□□□□□-□ □□□□ □□□ □□□□□□